



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/১২২

তারিখ: ০৩ চৈত্র ১৪৩১
১৭ মার্চ ২০২৫

বিষয়: নাগবাড়ী তালিমুল ইসলাম দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা বিষয়ে পুন:যাচাইপূর্বক স্পষ্টীকরণ প্রসঙ্গে

- সূত্র: ১। নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/৮৬১/৪ তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২২
২। সিভিল রিভিশন ২১২৮/২০২৪
৩। অধ্যাপক মাও: মোঃ আব্দুল হামিদ কর্তৃক ১৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. এর আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলাধীন নাগবাড়ী তালিমুল ইসলাম দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা ক্যাটাগরির সদস্য অধ্যাপক মাওলানা মোঃ আব্দুল হামিদ প্রতিষ্ঠাতা নয় মর্মে সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র জারি করা হয়। সূত্রোক্ত ১ নং স্মারকে জারিকৃত পত্রের বিরুদ্ধে অধ্যাপক মাওলানা মোঃ আব্দুল হামিদ টাঙ্গাইলের মধুপুর সিনিয়র সহকারী জজ আদালতে মোকাদ্দমা নং ৩২৫/২০২২, টাঙ্গাইল বিজ্ঞ জেলা জজ আদালতে আপিল নং ৩০/২০২৩ এবং সর্বশেষ মহামান্য হাইকোর্ট বিভাগে সিভিল রিভিশন ২১২৮/২০২৪ দায়ের করেন। একইসাথে ১ নং স্মারকে জারিকৃত পত্রের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে বোর্ডে আবেদন করেন।

২। প্রতিষ্ঠাতা দাবিদার অধ্যাপক মাওলানা মোঃ আব্দুল হামিদ এর ১৩/০২/২০২৫ খ্রি. এর আবেদন ও সিভিল রিভিশন ২১২৮/২০২৪ নিষ্পত্তির নিমিত্ত মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন সময় থেকে অদ্যাবধি বোর্ডে সংরক্ষিত কমিটি সংক্রান্ত নথি ও মঞ্জুরী সংক্রান্ত নথিতে রক্ষিত তথ্য যাচাই করে দেখা যায় ২০/১১/১৯৯৪ সালের রেজুলেশন মোতাবেক অধ্যাপক মাওলানা মোঃ আব্দুল হামিদ পরিচালনা কমিটির সভাপতি নির্বাচিত হয়ে মাদ্রাসাটি পরিচালনা করেছেন। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসার, মধুপুর, টাঙ্গাইল কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদন যাচাইস্বত্রে দেখা যায়, মাদ্রাসাটি ১৯৮২ সালে এবতেদায়ী মাদ্রাসা হিসেবে প্রতিষ্ঠিত হয়ে ১৯৯৮ সালে দাখিল স্তরে উন্নীত হয়। ২৫/০৯/২০০২ তারিখে গঠিত ১৩ সদস্য বিশিষ্ট নিয়মিত কমিটি গঠিত হয়। নিয়মিত কমিটিতে অধ্যাপক মাওলানা মোঃ আব্দুল হামিদ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত ছিলেন। মাদ্রাসাটি দাখিল স্তরে উন্নীত হওয়ার পর থেকে ২০১৭ সাল পর্যন্ত মাদ্রাসার প্রিজাইডিং অফিসার কর্তৃক ঘোষণা পত্রে, খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকায় এবং ম্যানেজিং কমিটিতে অধ্যাপক মাওলানা মোঃ আব্দুল হামিদ একমাত্র প্রতিষ্ঠাতা ক্যাটাগরির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত ছিলেন। তাছাড়া অদ্যাবধি মাদ্রাসাটিতে অন্য কোন সদস্য/ব্যক্তি/ব্যক্তিবর্গ প্রতিষ্ঠাতা হিসেবে দাবিদার হয়নি।

৩। ১৯৮২ সালে মাদ্রাসাটি প্রতিষ্ঠিত হওয়ায় মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি বিধিমালা, ১৯৭৯-এর বিধি ২ (সি) অনুসারে দাখিল স্তরের মাদ্রাসা প্রতিষ্ঠাকালে প্রতিষ্ঠাতা হওয়ার জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকার সমপরিমান বস্তু বা টাকা দান করার শর্ত থাকায় প্রতিষ্ঠাতা বিষয়ে অত্র মাদ্রাসার ক্ষেত্রে সূত্রোক্ত ০১ নং স্মারকে উল্লিখিত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর গৃহীত বিধি বিধান প্রযোজ্য নয়।

চলমান পাতা -০২

৪। মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি বিধিমালা, ১৯৭৯-এর বিধি ২(সি) অনুসারে প্রতিষ্ঠাকালীন সময়ে নির্বাচিত সভাপতি হিসেবে মাদ্রাসা পরিচালনার সাথে যুক্ত থেকে বিভিন্ন আর্থিক ব্যয় নির্বাহ করায়, প্রিজাইডিং অফিসার কর্তৃক স্বাক্ষরিত ঘোষণা পত্রে, খসড়া ও চূড়ান্ত ভোটের তালিকায়, ম্যানেজিং কমিটিতে ২০১৭ সাল পর্যন্ত ধারাবাহিকভাবে একমাত্র প্রতিষ্ঠাতা ক্যাটাগরির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকায় অধ্যাপক মাওলানা মোঃ আব্দুল হামিদ মাদ্রাসাটির একমাত্র প্রতিষ্ঠাতা মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, সূত্রোক্ত ১ নং স্মারকে জারীকৃত পত্রের কার্যকারিতা বাতিল করা হলো এবং অধ্যাপক মাওলানা মোঃ আব্দুল হামিদ মাদ্রাসাটির একমাত্র প্রতিষ্ঠাতা মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ আবদুছ হাভার মিয়া
রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmcb.gov.bd


- ১। অধ্যাপক মাও: আব্দুল হামিদ (প্রতিষ্ঠাতা)
পো: জটাবাড়ী, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল।
- ২। সুপার/ভারপ্রাপ্ত সুপার
নাগবাড়ী তালিমুল ইসলাম মাদ্রাসা
পো: জটাবাড়ী, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল।

নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-২০২/১২২(৯)

তারিখ: ০৩ চৈত্র ১৪৩১
১৭ মার্চ ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল;
২. উপজেলা নির্বাহী অফিসার, মধুপুর, টাঙ্গাইল;
৩. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুপুর, টাঙ্গাইল;
৫. ম্যানেজার, সোনালী/অগ্রণী/জনতা ব্যাংক-----শাখা, মধুপুর, টাঙ্গাইল;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।



মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২২২৩৩৬৪৮৭৪

ই-মেইল: dradmin@bmcb.gov.bd